৮০

ভোরের কাগজ

তারিখ ... 12 MAY 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

এসএসসির দুটি পরীক্ষা বাতিল

# চট্টগ্রামে বোর্ড অফিস ও গাড়ি ভাঙচুর ২৩ পরীক্ষার্থী আটক

চট্টগ্রাম অফিস : সম্প্রতি শেষ হওয়া চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসএসসির দুটি বিষয়ের পরীক্ষা পুনঃগ্রহণ সংক্রান্ত ঘোষণার প্রতিবাদে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল শনিবার বোর্ড কার্যালয় ও বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করেছে। এ সময় বন্দরনগরী চট্টগ্রামের কয়েকটি স্পট থেকে ২৩ জন পরীক্ষার্থীকে আটক করেছে পুলিশ। উল্লেখ্য, প্রশ্নপত্র ফাঁস হওয়ার পরিপ্রেক্ষিতে কেবল চট্টগ্রাম শিক্ষা বোর্ডের বাংলা প্রথম ও ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা বাতিল করে পুনরায় অনুষ্ঠানের ঘোষণা দেওয়া হয় গত বৃহস্পতিবার।

ঘটনার দিন সকাল থেকে নগরীর বিভিন্ন জায়গায় মিছিল করে পরীক্ষার্থীরা। তারা মিছিল নিয়ে চান্দগাঁও আবাসিক এলাকার বোর্ড কার্যালয়ে হানা দেয়। বিক্ষুব্ধ পরীক্ষার্থীদের নিক্ষিপ্ত ইটপাটকেলে বোর্ড কার্যালয়ের অধিকাংশ জানালার কাচ ভেঙে যায়। মিছিলকারীরা রাস্তায় আনুমানিক ১৫টি গাড়ির কাচ ভাঙচুর করে। এ সময় পুলিশ চান্দগাঁও কোতোয়ালি এলাকা থেকে ২৩ জন ছাত্রকে আটক করলে আদালত তাদের ২০ জনকে জেল হাজতে প্রেরণ করেন। বাকিদের আজ আবার আদালতে তোলা হবে। ভাঙচুর ঘটনায় পুলিশ বাদী হয়ে একটি মামলা দায়ের করেছে।

বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল সকালে জামালখানস্থ প্রেসক্লাবের সামনে সমাবেশ করেছে। সমাবেশে তারা প্রশ্নপত্র ফাঁসের জন্য প্রশাসনকে দায়ী করে ঘোষিত সিদ্ধান্ত বাতিলের দাবি জানায়।

পুনঃপরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত বাতিলের দাবিতে পরীক্ষার্থীরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ২ ঘন্টা অবরোধ করে রাখে। চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড থানার ভাটিয়ারি এলাকায় সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত অবরোধ চলাকালে উভয়দিকে যানবাহন চলাচল বন্ধ ছিল। আকস্মিক অবরোধের ফলে অবরোধস্থলের উভয় পাশে আটকাপড়া হাজার হাজার যাত্রী অসহনীয় গরমে অবর্ণনীয় দুর্ভোগ পোহাতে হয়েছে। পরে পুলিশ এসে অবরোধকারীদের সরিয়ে দেয়। কাউকে গ্রেপ্তার করেনি পুলিশ।